# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

## রেজিস্ট্রার দপ্তর

## ক্যাটারার নিয়োগ বিজ্ঞপ্তি

| | |
|---|---|
| ০১। বিজ্ঞপ্তি নং: | রেজিঃ/২৩০/তারিখ:১৬/০৯/২০২৫খ্রি. |
| ০২। কাজ/সেবার নাম : | শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর নব নির্মিত ফুড কোর্ট এর চারটি দোকান এর জন্য ০৩(তিন)টি ফুড কোর্ট ক্যাটারার নিয়োগ এবং ০১(এক) টি ষ্টেশনারী দোকানের প্রোপ্রাইটার নিয়োগ। |
| ০৩।দরপত্র প্রাপ্তির স্থান, শেষ তারিখ ও মূল্য: | সোনালী ব্যাংক, শাবিপ্রবি শাখা, সিলেট,২০/১০/২০২৫ দুপুর ১২.০০ টা পর্যন্ত, সিডিউল মূল্য প্রতিটি ১,০০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)। সোনালী ব্যাংক, শাবিপ্রবি শাখার হিসাব নং-৩৩০০০০১২ এ জমা দিয়ে জমা রশিদের কপি দাখিলপূর্বক দরপত্র দলিল সংগ্রহ করা যাবে। |
| ০৪।দরপত্র দাখিলের পদ্ধতি ও স্থান এবং শেষ তারিখ ও সময়: | নিজ নিজ প্রতিষ্ঠানের প্যাডে রেজিস্ট্রার, শাবিপ্রবি বরাবরে আবেদন করে দরপত্র কোষাধ্যক্ষ ও ফুডকোর্ট পরিচালনা কমিটির সভাপতি মহোদয়ের অফিসে (প্রশাসনিক ভবন-১ এর ২য় তলা) বন্ধ খামে যথাযথভাবে দাখিল করতে হবে।<br>২০/১০/২০২৫, দুপুরঃ ১২.৩০ টা পর্যন্ত। |
| ০৫। দরপত্র খোলার স্থান: | কোষাধ্যক্ষ ও ফুডকোর্ট পরিচালনা কমিটির সভাপতি মহোদয়ের অফিস কক্ষ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।<br>তারিখ ও সময় ২১/১০/২০২৫, দুপুরঃ ১২.১৫। |
| ০৬। দরপত্র পদ্ধতি: | উন্মুক্ত দরপত্র পদ্ধতি। |
| ০৭। জামানত ও মাসিক ভাড়া: | প্রতিটি দোকান কোঠার জামানত-৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা, মাসিক ভাড়া- ৫,০০০ (পাঁচ হাজার) টাকা। |
| ০৮। ক্যাটারিং সার্ভিসের সংক্ষিপ্ত বিবরণ: | বিশ্ববিদ্যালয়ের ফুডকোর্ট শিক্ষার্থী/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের খাবারের জন্য উন্মুক্ত থাকবে। ফুডকোর্টের ও স্টেশনারী শপের নির্বাচিত ৪(চার)টি প্রতিষ্ঠানকে নিজস্ব ব্যবস্থাপনায় আসবাবপত্র ও আনুষাঙ্গিক বৈদ্যুতিক সরঞ্জাম/যন্ত্রপাতির ব্যবস্থা করতে হবে। পরিচালনা কমিটি পরিদর্শন/পরিচালনার দায়িত্ব পালন করবেন। দরপত্রে উল্লেখিত তালিকার খাদ্য ও ষ্টেশনারী আইটেমসমূহ স্ব স্ব দোকানে রাখতে এবং পরিবেশন করতে হবে। |
| ০৯। ক্যাটারিং সার্ভিসের সময়সীমা: | প্রাথমিকভাবে ০২ (দুই) বছরের জন্য বরাদ্দ দেয়া হবে। সন্তোষজনক ভাবে পরিচালনা করতে ব্যর্থ হলে, পরিচালনা কমিটি রিপোর্টের ভিত্তিতে ০২ (দুই) মাসের নোটিশের মাধ্যমে বরাদ্দ বাতিল করতে পারবে। একই ভাবে দরপত্র বরাদ্দ প্রাপ্তরা ফুড কোর্ট পরিচালনা করতে অপারগ হলে, ০২(দুই) মাসের নোটিশের মাধ্যমে বন্ধ করতে পারবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১০। বাছাই/নিয়োগ পদ্ধতি: | দাখিলকৃত কাগজপত্র পরীক্ষা করে ফুড কোর্ট পরিচালনা কমিটি দরপত্র যাচাই বাছাই পূর্বক সাক্ষাৎকার গ্রহন ও চুড়ান্তভাবে মনোনয়ন দান করবেন। কর্তৃপক্ষ কর্তৃক খাবারের মান, ফুড কোর্ট/ক্যান্টিন/ক্যাফেটেরিয়া ও ষ্টেশনারী দোকান পরিচালনার অভিজ্ঞতা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ একই দরদাতাকে ০২ (দুই) টি ফুড কোর্ট বরাদ্দ দিতে পারে। |
| ১১। আবেদনপত্রের সাথে দাখিলকৃত তথ্য ও কাগজপত্র: | ক) মালিকের নাম, ঠিকানা, ছবি ও এনআইডির কপি।<br>খ) প্রতিষ্ঠানের নাম, ঠিকানা।<br>গ) বর্তমানে চালু ক্যাটারিং সার্ভিসের এবং ষ্টেশনারীর ধরণ পরিবেশিত আইটেমসমূহ এবং একসাথে কতজনের সার্ভিসের ব্যবস্থা করা হয় ইত্যাদি তথ্য।<br>ঘ) ট্রেড লাইসেন্স।<br>ঙ) অভিজ্ঞতা সার্টিফিকেট।<br>চ) ফুড কোর্ট-১,২,ও ৩ এর (সম্প্রতি ছেড়ে দেয়া) পূর্বের ক্যাটারারের দরপত্র দাখিলের ক্ষেত্রে রেজিস্ট্রার দপ্তর থেকে ভাড়া এবং প্রকৌশল দপ্তর থেকে বিদ্যুৎ বিল অদ্যাবধি বকেয়া না থাকার বিষয়ে পৃথকভাবে ২ (দুই) টি অনাপত্তি সংগ্রহ করে কপি সংযুক্তপূর্বক অবশ্যই জমা দিতে হবে, অন্যথায় আবেদন বাতিল হিসাবে গণ্য হবে। |
| ১২। বিশেষ নির্দেশনা: | ক) এই বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত বা শিক্ষার্থী কেউ দরদাতা হিসেবে অংশগ্রহন করতে পারবেন না।<br>খ) পরিবেশিত তথ্য ও দাখিলকৃত কাগজপত্রের সত্যতা যাচাই করা হবে বিধায় যথাযথভাবে তা দাখিল করার অনুরোধ করা যাচ্ছে।<br>গ) বরাদ্দ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মাসিক ভাড়া পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট হিসাব নং-৩৩০০০০১২ এ পরিশোধ করে রশিদ ফুড কোর্ট পরিচালনা কমিটির সদস্য সচিবের নিকট জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয় বিদ্যুৎ সরবরাহ এবং মিটার স্থাপন করবে। বরাদ্দ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নির্ধারিত সময়ের মধ্যে একই হিসাবে মাসিক বিদ্যুৎ বিল পরিশোধ করে রশিদ প্রকৌশল দপ্তরে জমা দিতে হবে।<br>ঘ) ফুড কোর্টের নির্বাচিত খাবারের ক্যাটারার তৈরী খাবার পরিবেশন করবেন। ষ্টেশনারী সামগ্রী ও খাবারের নামসহ মূল্য তালিকা ঝুলিয়ে রাখতে হবে। কমিটির সাথে আলোচনা করে ষ্টেশনারী সামগ্রী ও খাবারের দাম নির্ধারণ করতে হবে। তৈরীকৃত খাবার প্রয়োজনে ফুড কোর্টে গরম করা যেতে পারে। ফুড কোর্টের নির্বাচিত খাবারের ক্যাটারার বিশুদ্ধ পানি ও পানীয় জাতীয় দ্রব্য সরবরাহ করতে হবে। স্বাস্থ্যসম্মত ও টাটকা খাবার পরিবেশন করতে হবে। অন্যথায় ০২ (দুই) বার সতর্কীকরণ নোটিশের মাধ্যমে বরাদ্দ বাতিল করা হবে।<br>ঙ) সাপ্তাহিক বন্ধের দিন সার্ভিস চালু রাখতে হবে। বিশ্ববিদ্যালয়ের দীর্ঘ বন্ধের সময় কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সার্ভিস চালু রাখার ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে। সার্ভিস এলাকায় কোন রকম ধুমপান চলবে না এবং নির্বাচিত প্রতিষ্টানসমুহকে ধুমপানবিরোধী পোষ্টার লাগাতে হবে। ফুড কোর্টের পাশ্ববর্তী এলাকা নিজ দায়িত্বে পরিস্কার রাখতে হবে। এজন্যে ওয়েষ্ট বক্স/বিন রাখতে হবে। ফুডকোর্টের সার্ভিস সকাল ৭.৩০ ঘটিকা থেকে শুরু করতে হবে এবং রাত্রি ৯.৩০ ঘটিকার সময় শেষ হবে। তবে কর্তৃপক্ষ এ সময় পরিবর্তন করার ক্ষমতা রাখেন।<br>চ) ফুড কোর্টের সংশ্লিষ্ট কর্মচারীদের নিজস্ব ইউনিফরম ও হাতে গ্লাভস অবশ্যই পরিধান করতে হবে।<br>ছ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন ধরনের ঋনে/ধারে ক্রয় বিক্রয় সমর্থন করবে না এবং এই বিষয়ে কোন দায়-দায়িত্ব কমিটির থাকবে না। বিশ্ববিদ্যালয়ের শান্তি শৃংখলা পরিপন্থি কোন ধরনের কর্মে সম্পৃক্ত থাকা যাবে না। সকল ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির
রেজিস্ট্রার

Scanned with CamScanner